## (তথ্যপত্র এরপর শুরু হবে)

# এই সাইট সম্পর্কে তথ্য পাওয়া চালু রাখতে এখনই ব্যবস্থা নিন!

বর্তমানে DEC এর পরিবেশগত প্রতিকার বিভাগ (DER) দূষিত সাইট সম্পর্কে *ইলেকট্রনিকভাবে ইমেলে*তথ্য সরবরাহ করে।

আপনি যদি এই তথ্যপত্রে ফিচারকৃত দূষিত সাইট সম্পর্কে
তথ্য পাওয়া চালু রাখতে চান:

## তাহলে আপনাকে অবশ্যই DER ইমেল লিস্টসার্ভের জন্য সাইন আপ করতে হবে:

www.dec.ny.gov/chemical/61092.html



DER আপনার ইমেল ঠিকানা নিবন্ধন করতে পারে না - কেবলমাত্র ইমেল ঠিকানার অধিকারী সেটি করতে পারেন। আপনি যদি ইতোমধ্যে সেই কাউন্টির লিস্টসার্ভের জন্য সাইন আপ করে থাকেন যেখানে সাইটটি অবস্থিত, তাহলে আপনার কিছু করার প্রয়োজন নেই।

**যেকারণে আপনার "পেপারলেস" হওয়া উচিত:**

- ☑ সাইটের তথ্য দ্রুততর পান এবং তা সহজে শেয়ার করুন;
- ☑ একটি নির্বাচিত কাউন্টির সকল সাইট সম্পর্কে তথ্য পান - আপনার যা দরকার তা পড়ুন, অবশিষ্টগুলো মুছে ফেলুন;
- ☑ এটি এনভায়রনমেন্টকে সাহায্য করে আপনার ট্যাক্স ডলার বৃদ্ধি করে।

**যদি "পেপারলেস" আপনার অপশন না হয়**, তাহলে এই তথ্যপত্রে বর্ণিত DER-এর প্রজেক্ট ম্যানেজারকে কল করুন বা লিখুন। উল্লেখ করুন যে আপনার পোস্টাল সার্ভিসের মাধ্যমে তথ্যপত্রের কপি পেতে হবে। আপনার পত্রে সাইটের নাম অন্তর্ভুক্ত করুন। কাগজ পাওয়ার অপশনটি কেবল ব্যক্তিদের জন্য উপলব্ধ। গ্রুপ, প্রতিষ্ঠান,ব্যবসা, এবং সরকারী সংস্থাগুলোর ইমেলের অ্যাক্সেস রয়েছে বলে ধরে নেওয়া হয়।

NEW YORK STATE | Department of Environmental Conservation

# তথ্যপত্র

## সাইট ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

**90-02 168তম স্ট্রিট**

**90-02 168তম স্ট্রিট**
**Jamaica, NY 11432**

**সাইট নং C241243**

**NYSDEC অঞ্চল 2**

## ডিসেম্বর ২০২১

# ব্রাউনফিল্ড সাইটে শুরু হতে যাওয়া পরিবেশগত ক্লিনআপ

ব্যবস্থা নেওয়া শুরু হতে চলেছে যা 90-02 168তমস্ট্রিট, জ্যামাইকা, নিউ ইয়র্কে অবস্থিত 90-02 168তম স্ট্রিট সাইট (“সাইট”) সম্পর্কিত দূষণ মোকাবেলা করবে। দয়া করে সাইটের লোকেশনের জন্য মানচিত্র দেখুন। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (NYSDEC) কর্তৃক প্রদত্ত তত্ত্বাবধনে 90Ninety LLC ("আবেদনকারী") দ্বারা ক্লিনআপ কার্যক্রম সম্পাদিত হবে। NYSDEC নির্ণয় করেছে যে প্রতিকারমূলক ব্যবস্থা কর্মপরিকল্পনাটি (RAWP) জনস্বাস্থ্য এবং পরিবেশ রক্ষা করে এবং তা পরিকল্পনাটি অনুমোদন করেছে।

- DECinfo Locator-এর মাধ্যমে অনুমোদিত RAWP এবং প্রকল্পের অন্যান্য ডকুমেন্টসমূহে অনলাইনে অ্যাক্সেস করুন: https://www.dec.ny.gov/data/DecDocs/C241243/।
- ডকুমেন্টগুলো "যেখানে তথ্য খুঁজে পাবেন" এর অধীন বাম দিকে বর্ণিত স্থানগুলোতেও উপলব্ধ রয়েছে।

প্রতিকারমূলক কার্যক্রম 2022 সালের জানুয়ারিতে শুরু হয়ে প্রায় 3 মাস যাবৎ চলমান থাকার সম্ভাবনা রয়েছে।

**অনুষ্ঠিতব্য ক্লিনআপ কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যসমুহ:**: সাইটের ক্লিনআপ ব্যবস্থার লক্ষ্য হলো ক্লিনআপের এমন মাত্রা অর্জন করা যা জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করে। ডুয়াল-ট্র্যাক প্রতিকারের মূল উপাদানগুলোর মধ্যে রয়েছে;

- খননের সাপোর্টের জন্য (SOE) একটি সিস্টেম ইনস্টল করা;
- প্রস্তাবিত বিল্ডিংয়ের নিচে (সাইটের ট্র্যাক 1 এলাকা) এবং অবাধ ব্যবহারের মাটি ক্লিনআপের উদ্দেশ্যগুলো (SCOs) লঙ্ঘন করা সাইটের সকল মাটি এবং সাইটের ট্র্যাক 4 এলাকায় 2 ফুট উপরস্থ অংশের সীমাবদ্ধ আবাসিক SCOs লঙ্ঘন করা সকল মাটি খনন এবং অফ-সাইটে অপসারণ;
- খননের ব্যাকফিলিং সম্পূর্ণ করতে এবং সাইটে নির্ধারিত গ্রেড স্থাপন করতে 6 NYCRR পার্ট 375-6.7(d) এর শর্তাবলী পূরণ করার মতো ক্লিন ফিল আমদানি করা;
- ট্র্যাক 4 এলাকায় একটি সাইট কভার সিস্টেম ইনস্টল ও রক্ষণাবেক্ষণ করা;
- নতুন বিল্ডিং দখলে নেওয়ার পূর্বে মাটির বাষ্প অনুপ্রবেশের পরীক্ষা পরিচলনা করা, যেখানে মাটির বাষ্প অনুপ্রবেশ সম্পর্কিত এক্সপোজার মোকাবেলা করার জন্য সুপারিশকৃত পদক্ষেপ বাস্তবায়নের বিধান অন্তর্ভুক্ত রয়েছে;
- সাইটের ট্র্যাক 4 অংশে প্রতিকারমূলক ব্যবস্থার দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের একটি সাইট ম্যানেজমেন্ট প্ল্যান (SMP) বাস্তবায়ন করা; এবং

## যেখানে তথ্য খুঁজে পাবেন

DECinfo Locator-এর মাধ্যমে প্রকল্পের ডকুমেন্টে অ্যাক্সেস করুন https://www.dec.ny.gov/data/DecDocs/C241243/ এবং নিম্নের স্থানসমূহে):

**Queens Public Library-Central**
89-11 Merrick Blvd
Jamaica, NY 11432
(718) 990-0700

**Queens Community Board 12**
90-28 161st Street
Jamaica, NY 11432
(718) 658-3308
Qn12@cb.nyc.gov

**রিপজিটরিগুলো COVID-19 সতর্কতার কারণে সাময়িকভাবে অনুপলব্ধ হতে পারে। আপনি যদি অনলাইন রিপজিটরিতে অ্যাক্সেস করতে না পারেন, তাহলে দয়া করে সহায়তার জন্য নিম্নের তালিকাভুক্ত NYSDEC-এর প্রজেক্ট ম্যানেজারের সাথে যোগাযোগ করুন।*

## যার সাথে যোগাযোগ করবেন

মন্তব্য ও প্রশ্নাবলী সর্বদা স্বাগত এবং নিম্নের নির্দেশনা অনুযায়ী করা উচিত:

**প্রকল্প-সম্পর্কিত প্রশ্নাবলী**
ক্রিস অ্যালান, প্রজেক্ট ম্যানেজার
NYSDEC অঞ্চল 2
41-40 21st Street
Long Island City, NY 11101
(718) 482-4065
christopher.allan@dec.ny.gov

**প্রকল্প-সম্পর্কিত স্বাস্থ্য বিষয়ক প্রশ্নাবলী**
অ্যান্টনি পেরেটা
NYSDOH
Empire State Plaza
Corning Tower Room 1787
Albany, NY 12237
(518) 402-7860
beei@health.ny.gov

**নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে দেখুন:**
www.dec.ny.gov/chemical/8450.html

# ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

সাইটের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে সাইটের ট্র্যাক 4 অংশে একটি পরিবেশগত ইজমেন্ট রেকর্ড করা।

**পরবর্তী ধাপসমূহ** আবেদনকারীর ক্লিনআপ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর, তারা একটি ফাইনাল ইঞ্জিনিয়ারিং রিপোর্ট (FER) প্রস্তুত করবেন এবং NYSDEC-তে জমা দিবেন। FER-এ সম্পন্ন ক্লিনআপ কার্যক্রমের বর্ণনা থাকবে এবং ক্লিনআপের শর্তাবলী পূরণ হয়েছে বা পূরণ হবে তার প্রত্যয়ন থাকবে।

যখন NYSDEC সন্তুষ্ট হয় যে সাইটটির ক্লিনআপের শর্তাবলী পূরণ হয়েছে বা পূরণ হবে, তখন এটি FER অনুমোদন করবে। তারপর NYSDEC আবেদনকারীকে একটি সার্টিফিকেট অব কমপ্লিশন (COC) ইস্যু করবে। আবেদনকারী একটি COC প্রাপ্তির মাধ্যমে সাইটটি পুনঃউন্নয়ন করতে সক্ষম হবেন। তাছাড়াও, আবেদনকারী ক্লিনআপের কার্যক্রম সম্পাদন এবং সাইটের পুনঃউন্নয়নের খরচ পুষিয়ে নিতে ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য হবেন।

NYSDEC একটি তথ্যপত্র ইস্যু করবে যেখানে FER এর বিষয়বস্তুর বর্ণনা থাকবে। তথ্যপত্রে COC ইস্যু করার ক্ষেত্রে সাইটে প্রয়োজনীয় যেকোনো প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ (উদাহরণস্বরূপ, দলিলের বিধিনিষেধ) বা ইঞ্জিনিয়ারিং নিয়ন্ত্রণের (উদাহরণস্বরূপ, একটি সাইট কভার) বর্ণনা থাকবে।

**সাইটের বিবরণ:** সাইটটি জ্যামাইকা, নিউ ইয়র্ক -এর 90-02 168তম স্ট্রিটে অবস্থিত 2.28-একর সম্পত্তি নিয়ে গঠিত। সম্পত্তিটির চৌহদ্দি উত্তরে 90তম অ্যাভিনিউ, পূর্বে 168তম স্ট্রিট, পশ্চিমে একটি গির্জা কমপ্লেক্স, একটি ধর্মীয় বইয়ের দোকান এবং আবাসিক ভবন এবং দক্ষিণে খুচরা বাণিজ্যিক ভবন। রেকর্ডে দেখা যায় যে 1886 সালের পূর্বে আবাসিক বাসস্থান এবং আস্তাবল নিয়ে সাইটটির উন্নয়ন হয়েছিল। 1925 সালের দিকে সাইটটিতে একটি প্লাম্বিং শপ এবং পেইন্ট স্টোরেজ শেডসহ বাণিজ্যিক সম্পত্তি বিদ্যমান ছিল। 1940 এবং 1950 এর দশকে সম্পত্তির উত্তর অংশে একটি অটো মেরামতের দোকান এবং গির্জা বিদ্যমান ছিল। 1963 সালের দিকে সকল অন-সাইট কাঠামো বিনষ্ট হয়ে গিয়েছিল, এবং সম্পত্তিটি তখন থেকে পার্কিংয়ের জন্য ব্যবহৃত হয়েছে। পরিকল্পিত পুনঃউন্নয়নে মাটির নিচের পার্কিংসহ একটি বহু ব্যবহারের বাণিজ্যিক এবং আবাসিক ভবন রয়েছে।

পুনঃউন্নয়নের পরিকল্পনায় মাটির নিচের পার্কিংসহ একটি বহু ব্যবহারের বাণিজ্যিক এবং আবাসিক ভবন রয়েছে।
https://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/index.cfm?pageid=3

**ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম:** নিউইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP) "ব্রাউনফিল্ডস" নামে পরিচিত দূষিত সম্পত্তিগুলোর স্বেচ্ছামূলক ক্লিনআপের জন্য উৎসাহিত করে যেন সেগুলোর পুনঃব্যবহার এবং পুনঃউন্নয়ন করা যায়। এই ব্যবহারগুলোর মধ্যে রয়েছে বিনোদন, আবাসন, ব্যবসা বা অন্যান্য ব্যবহার। একটি ব্রাউনফিল্ড সাইট হলো এমন কোনো স্থাবর সম্পত্তি যেখানে কোনো দূষক এমন মাত্রায় বিদ্যমান রয়েছে যা NYSDEC কর্তৃক গৃহীত মাটির ক্লিনআপের উদ্দেশ্য বা অন্যান্য স্বাস্থ্য-ভিত্তিক বা পরিবেশগত নিয়মাবলী, মানদণ্ড বা নির্দেশিকা লঙ্ঘন করে যেগুলো প্রযোজ্য আইন অনুযায়ী সম্পত্তির যৌক্তিকভাবে প্রত্যাশিত ব্যবহারের উপর ভিত্তি করে প্রযোজ্য।

BCP-এর ব্যাপারে আরো তথ্যের জন্য, এখানে দেখুন: https://www.dec.ny.gov/chemical/8450.html

***আমরা আপনাকে প্রতিবেশী এবং ভাড়াটিয়াদের সাথে এই তথ্যপত্রটি শেয়ার করতে এবং/অথবা অন্যদের দেখার জন্য আপনার বিল্ডিংয়ের সুস্পষ্ট জায়গায় এই তথ্যপত্রটি পোস্ট করতে উৎসাহিত করি।***

**DEC-এর বিতরণের ব্যাপারে অবগত থাকুন**
ইমেলে সাইটের আপডেট পেতে সাইন আপ করুন:
www.dec.ny.gov/chemical/61092.html

দ্রষ্টব্য: আপনি যদি ইতোমধ্যে সাইন আপ করে থাকেন এবং ইলেকট্রনিকভাবে এই তথ্যপত্রটি পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে এড়িয়ে যান।

**DECinfo Locator**
DEC-এর ডকুমেন্টসমূহে অ্যাক্সেস করার ইন্টারেক্টিভ মানচিত্র এবং
নির্দিষ্ট সাইটের পরিবেশগত গুণমান সম্পর্কে পাবলিক ডেটা: https://www.dec.ny.gov/pubs/109457.html

# ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

## সাইটের লোকেশন

